গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ

এবং

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৭

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৯

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

রূপকল্প ২০৪১ ও স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসন, কমলগঞ্জ কাজ করে যাচ্ছে। মুজিব শতবর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন মানুষদের ঠিকানা করে দিতে মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন এ পর্যন্ত ৮০১টি ঘর নির্মাণ করে দুস্থ ও ভূমিহীন পরিবারের পুনর্বাসন করা হয়েছে। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের জন্য ঘর নির্মাণ করে দেয়া হচ্ছে এবং এ পর্যন্ত ২৭টি ঘরের নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া আরও ০৮টি ঘরের প্রস্তাবনা প্রেরণ করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়নাধীন “বিশেষ এলাকার উন্নয়ন সহায়তা তহবিল (পার্বত্য চট্টগ্রাম ব্যতিত)” কর্মসূচির আওতায় বিগত তিন অর্থবছরে ক্ষুদ্র নৃগোষ্ঠীর জন্য ৮৫ টি ঘর নির্মাণ করে দেয়া হয়েছে এবং বিদ্যালয় হতে দূরবর্তী মেয়ে শিক্ষার্থীদের জন্য ২৬০টি বাইসাকেল; প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ পর্যায়ে শিক্ষাবৃত্তি বাবদ ৬৩.৪৬ লক্ষ টাকা ও শিক্ষা উপকরণ বাবদ ৩.৭৮ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। এছাড়া চা শ্রমিকদের জন্য এ যাবৎ ২৭ টি ঘর বরাদ্দ দেয়া হয়েছে। ২০২৩-২০২৪ অর্থ বছরে আরও ০৬টি ঘরের বরাদ্দ পাওয়া গিয়েছে এবং কাজ চলমান আছে। চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় বিগত ০৩ বছরে ১৯৫৩১ জনকে ৯,৭৬,৫৫০০০/= টাকা অনুদান প্রদান করা হয়েছে। উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ৪০ লক্ষ টাকা ব্যয়ে একটি ইপিআই ভবন নির্মাণ করা হয়েছে। অসচ্ছল পরিবারগুলোকে খাদ্য নিরাপত্তা নিশ্চিতে ভিজিডি, ভিজিএফ কর্মসূচির মাধ্যমে খাদ্য প্রণোদনা দেয়ার পাশাপাশি টিসিবির মাধ্যমে নিত্যপ্রয়োজনীয় দ্রব্য ভর্তুকি মূল্যে প্রদান করা হচ্ছে। জনসেবার পাশাপাশি উন্নয়নমূলক কাজ যেমন রাস্তাঘাট নির্মাণ, স্কুল নির্মাণ, ব্রিজ-কালভার্ট নির্মাণ করা হয়েছে। অধিকন্তু বিভিন্ন সরকারি বরাদ্দ, ব্যক্তি সহায়তা ও এনজিওদের সহায়তায় উপজেলার অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা ও আর্থসামাজিক প্রসারে উপজেলা প্রশাসন কাজ করছে। সরকারের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে কর্মকর্তা-কর্মচারিদেরকে অবহিতকরণ সভা করা হয়েছে এবং করণীয় নির্ধারণে উপজেলা পর্যায়ে কাজ চলমান আছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রায় ২০টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও অন্যান্য অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষার অনগ্রসরতা, বাল্যবিবাহ, জন্ম ও মৃত্যু নিবন্ধনে পিছিয়ে থাকা বড় চ্যালেঞ্জগুলোর অন্যতম। তাছাড়া স্বাস্থ্য সচেতনতার অভাব, কৃষি জমি আবাদহীন পড়ে থাকা একটি অন্যতম সমস্যা। চা জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন, স্বাস্থ্য ও উন্নত পরিবেশ নিশ্চিত করা, পর্যটন শিল্পের বিকাশে কমিউনিটি বেইজ ট্যুরিজম সম্প্রসারণে গৃহিত উদ্যোগ বাস্তবায়নও একটি বড় চ্যালেঞ্জ। মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত স্থানগুলো বিশেষ করে গণকবর ও যুদ্ধক্ষেত্র চিহ্নিত করে তা সংরক্ষণের ব্যবস্থা গ্রহণ করা একটি বিশাল চ্যালেঞ্জ। দুরবর্তী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী শিক্ষার্থীদের কলেজে যাতায়াতের জন্য মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বরাদ্দকৃত বাসের জ্বালানী, রক্ষণাবেক্ষণ এবং চালক ও হেলপারের ব্যায় নির্বাহ করাও অন্যতম চ্যালেঞ্জ হয়ে দাড়িয়েছে। খরস্রোতা ধলাই নদীর প্রতিনিয়ত ভাঙন রোধ অন্যতম একটি প্রধান চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সর্বজনীন পেনশন স্কীম গ্রহনে জনসাধারণকে উদ্বুদ্ধ করা। আগামী তিন বছরের মধ্যে ধারাবাহিক কার্যক্রমের মাধ্যমে উপজেলাকে বাল্যবিবাহমুক্ত করার উদ্যোগ গ্রহণ, আগামী ২০২৬ সালের মধ্যে উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধনের হার শতভাগে উন্নীত করা, পিছিয়ে পড়া ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং দরিদ্র চা শ্রমিকদের আর্থসামাজিক অবস্থার উন্নয়নে জীবন-দক্ষতা ভিত্তিক প্রকল্প গ্রহণ ও উপজেলার অনাবাদি জমি চাষাবাদের আওতায় আনয়ন। এ উপজেলার কমপক্ষে তিনটি স্থানকে পর্যটনবান্ধব করে তুলতে অবকাঠামোগত উন্নয়ন সাধন ও কমিউনিটি বেইজ ট্যুরিজম এর সম্প্রসারণ ও উন্নয়ন সাধন। বিদ্যালয়গামী শিশুদের ঝরে পড়ার হার কমানো, শতভাগ স্কাউটিং নিশ্চিত এবং শিক্ষার হার ও মান উন্নয়নে ব্যবস্থা গ্রহণ করাসহ স্মার্ট উপজেলা বিনির্মানে কার্যকর পদক্ষেপ গ্রহণ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১)বজ্রপাত প্রতিরোধে তালগাছ রোপন অব্যাহত রাখা। ২)সর্বজনীন বাস্তবায়নে উদ্যোগ গ্রহন। ৩)পর্যটন শিল্পের বিকাশে কার্যক্রম গ্রহণ।৪)স্মার্ট উপজেলা বিনির্মাণে কার্যক্রম গ্রহণ। ৫)কমিউনিটি বেইজড ট্যুরিজমের সম্প্রসারণে উদ্যোগ গ্রহন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ

এবং

জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার-এর মধ্যে ২০২৪ সালের ................. মাসের ................. তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

একটি প্রযুক্তিবান্ধব দক্ষ, গতিশীল, উন্নয়ন সহায়ক এবং জনবান্ধব প্রশাসন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রশাসনিক দক্ষতা বৃদ্ধি, তথ্যপ্রযুক্তির যথাযথ ব্যবহার ও সেবাদাতাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং উদ্ভাবন চর্চার মাধ্যমে সময়াবদ্ধ ও মানসম্মত সেবা নিশ্চিত করা।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা
২. আইন-শৃঙ্খলা
৩. শিক্ষা, সংস্কৃতি, আইসিটি ও অন্যান্য
৪. উন্নয়ন ও স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম সমন্বয়।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উপজেলায় উন্নয়নমূলক কর্মকান্ডের সমন্বয় এবং সম্পদের যথাযথ ব্যবহারের মাধ্যমে রূপকল্প ২০৪১ বাস্তবায়নের লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার/প্রতিশ্রুত প্রকল্পসমূহসহ উপজেলার প্রধান উন্নয়ন কর্মকাণ্ড বাস্তবায়নে সমন্বয়কারী হিসেবে বিশেষ ভূমিকা পালন
২. সরকার কর্তৃক গৃহিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান এবং কৃষি, স্বাস্থ্যসেবা ও জনস্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, নারী ও শিশু, ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর কল্যাণ, প্রাথমিক ও গণশিক্ষা এবং শিক্ষা বিষয়ক গৃহীত সকল নীতিমালা ও কর্মসূচির সুষ্ঠু বাস্তবায়ন, তত্ত্বাবধান, পরিবীক্ষণ ও সমন্বয়সাধন
৩. দুর্যোগ ব্যবস্হাপনা এবং দুর্যোগ পরবর্তী পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন
৪. ভূ-প্রাকৃতিক বৈশিষ্ট্যসমূহ সংরক্ষণসহ পরিবেশ দূষণের ফলে সৃষ্ট জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জনসচেতনতা সৃষ্টি, বনায়ন, বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নে সার্বিক সহায়তা করা এবং সার্বিক সমন্বয় সাধন ও পরিবীক্ষণ
৫. সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় দারিদ্র বিমোচনসহ বিভিন্ন জনহিতকর কার্যক্রম ব্াতবায়নে সার্বিক সহায়তা প্রদান ও সমন্বয় সাধন
৬. রাজস্ব প্রশাসনের সার্বিক নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং পরিবীক্ষণ;
৭. নির্বাহী ম্যাজিস্ট্রেসি সম্পর্কিত যাবতীয় ক্ষমতা প্রয়োগ, মোবাইল কোর্ট পরিচালনা, উপজেলার সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষাপূর্বক জনজীবনে স্বস্তি আনয়ন এবং বিদেশী নাগরিক ও ভিভিআইপিদের নিরাপত্তা সংক্রান্ত কার্যাবলি;
৮. ই-ফাইল (নথি) ব্যবস্থাপনা এবং ই-মোবাইল কোর্ট সিস্টেমে মোবাইল কোর্টের কার্যক্রম পরিচালনা ও মামলা নিষ্পত্তির হার বৃদ্ধির কার্যক্রম পরিচালনা, জাতীয় ই-গভন্যান্স কার্যক্রম বাস্তবায়ন, সোশ্যাল মিডিয়া ব্যবহার।
৯. স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম, এনজিওদের কার্যক্রম তদারকি ও সমন্বয়, এনজিও কার্যক্রমের ওভারল্যাপিং প্রতিরোধে কর্মক্ষেত্র নির্ধারণে মতামত প্রদান এবং এনজিওদের অনুকূলে ছাড়কৃত অর্থের পরিবীক্ষণ ও ক্ষুদ্রঋণসহ অন্যান্য কার্যক্রম পরিদর্শন/দর্শন;
১০. সর্বজনীন পেনশন স্কীমের আওতায় পেনশন গ্রহনে জন্সাধারণকে উদ্বুদ্ধ করতে বিভিন্নপদক্ষেপ গ্রহন, যেমন- বিভিন্ন সভা-সেমিনার। উঠান বৈঠকে এর সুফলতার ব্যপক প্রচার অব্যহত রাখা।

## সেকশন ২
## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা | পরিদর্শন প্রতিবেদন, সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন, মামলা নিষ্পত্তি, তদারকি | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | সহকারী কমিশনার (ভূমি) | প্রতিবেদন |
| উন্নয়ন ও স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম সমন্বয়। | সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, পরিদর্শন প্রতিবেদন | সংখ্যা | ১২ | ১২ | ৯০ | ১২ | ১২ | উপজেলা প্রশাসন, দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ, ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, এনজিওসমূহ | নোটিশ, সভার কার্যবিবরণী, হাজিরা, সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন, পরিদর্শন। |
| আইন-শৃঙ্খলা | সভা, সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, পরিদর্শন, প্রতিবেদন, আয়োজিত সভা, সেমিনার, মামলার প্রতিবেদন | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | উপজেলা প্রশাসন, পুলিশ বিভাগ, বিজিবি, আনসার ও ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স | নোটিশ, সভার কার্যবিবরণী, হাজিরা, সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন, পরিদর্শন। |
| শিক্ষা, সংস্কৃতি, আইসিটি ও অন্যান্য | পরিদর্শন প্রতিবেদন, গৃহিত পদক্ষেপ | % | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | ১০০ | উপজেলা প্রশাসন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুষ্ঠু ভূমি ব্যবস্থাপনা | ১৮ | [১.১] উপজেলা ভূমি অফিস পরিদর্শন | [১.১.১] পরিদর্শনকৃত অফিস | সমষ্টি | সংখ্যা | ২ | ১২ | ১২ | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |
| | | [১.২] উপজেলা ভূমি অফিস পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৩] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | [১.৩.১] পরিদর্শনকৃত অফিস | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩৬ | ৩৬ | ৩৬ | ৩০ | ২৫ | ২০ | ১৯ | ৩৬ | ৩৬ |
| | | [১.৪] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | [১.৪.১] সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৫] উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.৫.১] সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | গড় | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৬] ভূমির হোল্ডিং শতভাগ এন্ট্রি ও চালু করা | [১.৬.১] তদারকি/মনিটরিং | গড় | % | ২ | | | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ২৯ | ৭০ | ৮০ |
| | | [১.৭] সায়রাত মহাল বন্দোবস্ত প্রদান | [১.৭.১] আদায়কৃত ইজারামূল্য | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [১.৮] অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা | [১.৮.১] অর্পিত সম্পত্তি ইজারা/নবায়ন | গড় | % | ২ | | | ৬০ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৮০ |
| | | | [১.৮.২] অর্পিত সম্পত্তি গড় অবমুক্তিকরণ | গড় | % | ১ | | | ৬০ | ৫০ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৮০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] আইন-শৃঙ্খলা | ১৮ | [২.১] মাসিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির কার্যক্রম মনিটরিং | [২.১.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [২.২] সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধকল্পে ব্যবস্থা গ্রহণ | [২.২.১] সমাবেশ/উঠান বৈঠক | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [২.৩] ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গীবাদ মোকাবেলায় ব্যবস্থা গ্রহণ | [২.৩.১] সমাবেশ/উঠান বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [২.৪] মাদকমুক্ত সমাজ গঠনে পদক্ষেপ গ্রহণ | [২.৪.১] সমাবেশ/উঠান বৈঠক | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [২.৫] নারী ও শিশুর প্রতি সহিংসতা, নিপীড়ন ও বৈষম্যমূলক আচরণ বন্ধে পদক্ষেপ গ্রহণ | [২.৫.১] সমাবেশ/উঠান বৈঠক | সমষ্টি | সংখ্যা | ৪ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [২.৬] বাল্যবিবাহ, ইভটিজিং, খাদ্যে ভেজাল, নকল পণ্য ইত্যাদি রোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা | [২.৬.১] পরিচালিত অভিযান | সমষ্টি | সংখ্যা | ৪ | ১২ | ১২ | ১২ | ১০ | ৮ | ৭ | ৬ | ১২ | ১২ |
| [৩] শিক্ষা, সংস্কৃতি, আইসিটি ও অন্যান্য | ১৮ | [৩.১] স্মার্ট বাংলাদেশ-৪১ নির্মানে শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মত বিনিময়। | [৩.১.১] শিক্ষার্থীদের সাথে মত বিনিময় | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | | [৩.১.২] বিজ্ঞান, গণিত ও ইংরেজি শিক্ষকদের সাথে মতবিনিময় | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [৩.২] প্রাথমিক বিদ্যালয়ে 'রিডিং এন্ড রাইটিং' হসপিটাল স্থাপন | [৩.২.১] স্থাপিত 'রিডিং এন্ড রাইটিং' হসপিটাল | ক্রমপুঞ্জিভূত | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৬ | ১০ |
| | | [৩.৩] সৃজনশীলতার চর্চা, সাংস্কৃতিক চর্চা ও ক্রীড়া সুবিধা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ | [৩.৩.১] আয়োজিত প্রতিযোগিতা | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ১০ | ৮ | ৬ | ৫ | ৪ | ১০ | ১০ |
| | | [৩.৪] পর্যটন শিল্পের বিকাশে কমিউনিটি বেইজড ট্যুরিজম সম্প্রসারন। | [৩.৪.১] কমিউনিটি বেইজড ট্যুরিজম সম্প্রসারন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৬ | ৫ | ৪ | ৩ | ২ | ৬ | ৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৩.৫] জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ | [৩.৫.১] উঠান বৈঠক/সমাবেশ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [৩.৬] ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি ও অসাম্প্রদায়িকতা রক্ষায় ব্যবস্থা গ্রহণ | [৩.৬.১] উঠান বৈঠক/সমাবেশ | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | [৩.৭] এসডিজি স্থানীয় করণের উদ্যোগ গ্রহণ | [৩.৭.১] দুর্যোগ মোকাবেলায় সচেতনতামূলক মহড়া আয়োজন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |
| | | | [৩.৭.২] স্থানীয় সেচ্ছাসেবকদের তালিকা প্রণয়ন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১৮ | ৪০ | ৪০ |
| | | [৩.৮] সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে অসহায়, দু:স্থ/ সুবিধাবঞ্চিতদের সুবিধাপ্রাপ্তি নিশ্চিতে ব্যবস্থা গ্রহণ | [৩.৮.১] বাস্তবায়ন অগ্রগতি | গড় | % | ৩ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] উন্নয়ন ও স্থানীয় সরকার সংক্রান্ত কার্যক্রম সমন্বয়। | ১৬ | [৪.১] অনাবাদি জমি চাষের আওতায় আনার জন্য গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন। | [৪.১.১] অনাবাদি জমি আবাদি জমিতে রূপান্তর | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১৮ | ৪৫ | ৫০ |
| | | [৪.২] উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৪.২.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | গড় | % | ২ | ১০০ | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ১০০ | ১০০ |
| | | [৪.৩] উন্নয়ন প্রকল্পের/ কার্যক্রমের মান নিশ্চিতে নিয়মিত পরিদর্শন করা | [৪.৩.১] প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১২ | ১১ | ১০ | ৮ | ৬ | ১২ | ১২ |
| | | [৪.৪] পরিবেশ সুরক্ষায় এবং বজ্রপাত নিরোধে গৃহীত পদক্ষেপ | [৪.৪.১] তালগাছ রোপন | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | ১০ | ৮ | ৬ | ১২ | ১২ |
| | | [৪.৫] জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম সমন্বয় | [৪.৫.১] উপজেলায় জন্মের এক বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার | গড় | % | ১ | ৩০ | ৮০ | ১০০ | ৮০ | ৭০ | ৬৫ | ৬০ | ১০০ | ১০০ |
| | | | [৪.৫.২] উপজেলায় মৃত্যুর এক বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার | গড় | % | ১ | ০ | ৫ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৬০ | ৭০ |
| | | [৪.৬] এনজিওদের কার্যক্রম সমন্বয় | [৪.৬.১] অনুষ্ঠিত সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ১০০ | ১০০ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৪ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| | | [৪.৭] সর্বজনীন পেনশন স্কিমে সর্বস্তরের মানুষকে যুক্ত করতে পদক্ষেপ গ্রহণ | [৪.৭.১] স্কিমে অন্তর্ভুক্তি | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৫০০ | ৪০০ | ৩০০ | ২৫০ | ২০০ | ৫০০ | ৬০০ |
| | | [৪.৮] স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম পরিবীক্ষণ | [৪.৮.১] পরিদর্শন প্রতিবেদন | সমষ্টি | সংখ্যা | ৩ | | | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ১০ | ১০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

উপজেলা নির্বাহী অফিসার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কমলগঞ্জ

তারিখ

জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | আইসিটি | ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি |
| ২ | উনিঅ | উপজেলা নির্বাহী অফিসার |
| ৩ | এনজিও | নন গর্ভনমেন্ট অর্গানাইজেশন |
| ৪ | এসএফ | স্টেটম্যান্ট অব ফ্যাক্টস |
| ৫ | কাবিখা | কাজের বিনিময়ে খাদ্য |
| ৬ | জিআর | গ্রেটিসাস রিলিফ |
| ৭ | টিআর | টেস্ট রিলিফ |
| ৮ | পিআরএল | পোষ্ট রিটায়ারমেন্ট লিভ |
| ৯ | ভিআইপি | ভেরি ইমপরটান্ট পার্সন |
| ১০ | ভিজিএফ | ভালনারেবল গ্রুপ ফিডিং |
| ১১ | সায়রাত মহাল | জলমহাল, বালুমহাল, পাথরমহাল, লবণমহাল, চিংড়িমহাল, ইত্যাদি |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] উপজেলা ভূমি অফিস পরিদর্শন | [১.১.১] পরিদর্শনকৃত অফিস | উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জ | পরিদর্শন প্রতিবেদন |
| [১.২] উপজেলা ভূমি অফিস পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | [১.২.১] সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জ | প্রতিবেদন |
| [১.৩] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন | [১.৩.১] পরিদর্শনকৃত অফিস | উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জ | পরিদর্শন প্রতিবেদন |
| [১.৪] ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | [১.৪.১] সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জ | প্রতিবেদন |
| [১.৫] উপজেলা রাজস্ব সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [১.৫.১] সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন | উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জ | প্রতিবেদন |
| [১.৬] ভূমির হোল্ডিং শতভাগ এন্ট্রি ও চালু করা | [১.৬.১] তদারকি/মনিটরিং | সহকারী কমিশনার (ভূমি),কমলগঞ্জ | প্রতিবেদন |
| [১.৭] সায়রাত মহাল বন্দোবস্ত প্রদান | [১.৭.১] আদায়কৃত ইজারামূল্য | সহকারী কমিশনার (ভূমি),কমলগঞ্জ | প্রতিবেদন |
| [১.৮] অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা | [১.৮.১] অর্পিত সম্পত্তি ইজারা/নবায়ন | সহকারী কমিশনার (ভূমি),কমলগঞ্জ | প্রতিবেদন |
| [১.৮] অর্পিত সম্পত্তির ব্যবস্থাপনা | [১.৮.২] অর্পিত সম্পত্তি গড় অবমুক্তিকরণ | | |
| [২.১] মাসিক আইন-শৃঙ্খলা সংক্রান্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন এবং ইউনিয়ন আইন-শৃঙ্খলা কমিটির কার্যক্রম মনিটরিং | [২.১.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা নির্বাহী অফিসার,কমলগঞ্জ | অগ্রগতি প্রতিবেদন |
| [২.২] সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধকল্পে ব্যবস্থা গ্রহণ | [২.২.১] সমাবেশ/উঠান বৈঠক | অফিসার ইনচার্জ, কমলগঞ্জ থানা | প্রতিবেদন |
| [২.৩] ধর্মীয় উগ্রবাদ ও জঙ্গীবাদ মোকাবেলায় ব্যবস্থা গ্রহণ | [২.৩.১] সমাবেশ/উঠান বৈঠক | অফিসার ইনচার্জ, কমলগঞ্জ থানা | প্রতিবেদন |
| [২.৪] মাদকমুক্ত সমাজ গঠনে পদক্ষেপ গ্রহণ | [২.৪.১] সমাবেশ/উঠান বৈঠক | অফিসার ইনচার্জ, কমলগঞ্জ থানা | প্রতিবেদন |
| [২.৫] নারী ও শিশুর প্রতি সহিংসতা, নিপীড়ন ও বৈষম্যমূলক আচরণ বন্ধে পদক্ষেপ গ্রহণ | [২.৫.১] সমাবেশ/উঠান বৈঠক | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [২.৬] বাল্যবিবাহ, ইভটিজিং, খাদ্যে ভেজাল, নকল পণ্য ইত্যাদি রোধে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা | [২.৬.১] পরিচালিত অভিযান | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.১] স্মার্ট বাংলাদেশ-৪১ নির্মানে শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মত বিনিময়। | [৩.১.১] শিক্ষার্থীদের সাথে মত বিনিময় | উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.১] স্মার্ট বাংলাদেশ-৪১ নির্মানে শিক্ষক-শিক্ষার্থীদের সাথে মত বিনিময়। | [৩.১.২] বিজ্ঞান, গণিত ও ইংরেজি শিক্ষকদের সাথে মতবিনিময় | উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.২] প্রাথমিক বিদ্যালয়ে 'রিডিং এন্ড রাইটিং' হসপিটাল স্থাপন | [৩.২.১] স্থাপিত 'রিডিং এন্ড রাইটিং' হসপিটাল | উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.৩] সৃজনশীলতার চর্চা, সাংস্কৃতিক চর্চা ও ক্রীড়া সুবিধা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ | [৩.৩.১] আয়োজিত প্রতিযোগিতা | উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.৪] পর্যটন শিল্পের বিকাশে কমিউনিটি বেইজড ট্যুরিজম সম্প্রসারন। | [৩.৪.১] কমিউনিটি বেইজড ট্যুরিজম সম্প্রসারন | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.৫] জনগণের মধ্যে স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধিতে পদক্ষেপ গ্রহণ | [৩.৫.১] উঠান বৈঠক/সমাবেশ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মককর্তা, কমলগঞ্জ | প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৩.৬] ধর্মীয় ও সামাজিক সম্প্রীতি ও অসাম্প্রদায়িকতা রক্ষায় ব্যবস্থা গ্রহণ | [৩.৬.১] উঠান বৈঠক/সমাবেশ | ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.৭] এসডিজি স্থানীয় করণের উদ্যোগ গ্রহণ | [৩.৭.১] দুর্যোগ মোকাবেলায় সচেতনতামূলক মহড়া আয়োজন | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান(সকল ইউপি) কমলগঞ্জ | প্রতিবেদন |
| | [৩.৭.২] স্থানীয় সেচ্ছাসেবকদের তালিকা প্রণয়ন | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান(সকল ইউপি) কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৩.৮] সামাজিক নিরাপত্তা কর্মসূচীতে অসহায়, দু:স্থ/ সুবিধাবঞ্চিতদের সুবিধাপ্রাপ্তি নিশ্চিতে ব্যবস্থা গ্রহণ | [৩.৮.১] বাস্তবায়ন অগ্রগতি | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৪.১] অনাবাদি জমি চাষের আওতায় আনার জন্য গৃহীত পদক্ষেপ বাস্তবায়ন। | [৪.১.১] অনাবাদি জমি আবাদি জমিতে রূপান্তর | উপজেলা কৃষি অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৪.২] উপজেলা পরিষদের মাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | [৪.২.১] সভার সিদ্ধান্ত বাস্তবায়িত | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ | অগ্রগতি প্রতিবেদন |
| [৪.৩] উন্নয়ন প্রকল্পের/ কার্যক্রমের মান নিশ্চিতে নিয়মিত পরিদর্শন করা | [৪.৩.১] প্রতিবেদন | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ | পরিদর্শন প্রতিবেদন |
| [৪.৪] পরিবেশ সুরক্ষায় এবং বজ্রপাত নিরোধে গৃহীত পদক্ষেপ | [৪.৪.১] তালগাছ রোপন | উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ইউপি চেয়ারম্যান(সকল ইউপি) কমলগঞ্জ | প্রতিবেদন |
| [৪.৫] জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম সমন্বয় | [৪.৫.১] উপজেলায় জন্মের এক বছরের মধ্যে জন্ম নিবন্ধনের হার | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল),কমলগঞ্জ, উপজেলা | প্রতিবেদন |
| | [৪.৫.২] উপজেলায় মৃত্যুর এক বছরের মধ্যে মৃত্যু নিবন্ধনের হার | ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল),কমলগঞ্জ, উপজেলা | প্রতিবেদন |
| [৪.৬] এনজিওদের কার্যক্রম সমন্বয় | [৪.৬.১] অনুষ্ঠিত সভা | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ | অগ্রগতি প্রতিবেদন |
| [৪.৭] সর্বজনীন পেনশন স্কিমে সর্বস্তরের মানুষকে যুক্ত করতে পদক্ষেপ গ্রহণ | [৪.৭.১] স্কিমে অন্তর্ভুক্তি | উপজেলা নির্বাহী অফিসার, সহকারী কমিশনার (ভূমি)। | প্রতিবেদন |
| [৪.৮] স্থানীয় সরকার প্রতিষ্ঠানের কার্যক্রম পরিবীক্ষণ | [৪.৮.১] পরিদর্শন প্রতিবেদন | উপজেলা নির্বাহী অফিসার, কমলগঞ্জ | প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

## সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ